হবিগঞ্জ সদর উপজেলা পরিষদের মার্চ, ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
সভার তারিখ ঃ ১০ মার্চ ২০২২ সময় ঃ বেলা ১১:০০ ঘটিকা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ
সভার হাজিরা ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরে নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	বিভাগ/বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত ২৪.০২.২০২২ খ্রি: তারিখের সভার কার্য বিবরণী পাঠ করে শুনানো হয়।	কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০২	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর এর প্রতিনিধি বলেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক কর্মসূচির (এডিপি) অনুমোদিত প্রকল্পসমূহ টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে এবং ই-টেন্ডার করা হয়েছে।	বিধি মোতাবেক প্রকল্পগুলোর কাজ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান(সকল),হবিগঞ্জ সদর
০৩	কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর বলেন, ভর্তুকির মাধ্যমে কৃষি যন্ত্রপাতি পাওয়ার আবেদনপত্র গ্রহণ করা হচ্ছে। আগ্রহী কৃষকগণকে আবেদনপত্র দাখিল করার আহবান জানান।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর
০৪	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, ৬ষ্ঠ হতে ডিগ্রী (পাস) কোর্স পর্যন্ত শিক্ষার্থীদের মধ্যে উপ বৃত্তি প্রদান করা হয়। অন লাইনের মাধ্যমে আবেদন করতে হয় এবং আবেদনসমূহ অধিদপ্তর কর্তৃক বাছাই করে মোবাইলের মাধ্যমে টাকা প্রদান করা হয়। এতে মাধ্যমিক শিক্ষা অফিসের কোন ভূমিকা নেই।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর
০৫	শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, অফিসের কাজ কর্ম স্বাভাবিকভাবে চলমান আছে। তিনি আরও বলেন,আগামী ১৫ মার্চ হতে সকল ক্লাসের পাঠদান কার্যক্রম পুরোপুরিভাবে চালু করা হবে।	(ক) যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	(ক) উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর
		চেয়ারম্যান, ২ নং রিচি ইউপি বলেন, করোনা পরিস্থিতির পর বিদ্যালয় খুলেছে। এতে শিক্ষার্থীদের উপস্থিতির হার অত্যন্ত কম। কিন্তু এনজিও স্কুলে শিক্ষার্থীদের উপস্থিতি অনেক বৃদ্ধি পেয়েছে। এটা সরকারি বিদ্যালয়সমূহের জন্য লজ্জাজনক। সরকারী বিদ্যালয়সমূহে উপস্থিতির হার বৃদ্ধি করার উপর তিনি গুরুত্বারোপ করেন।	(খ) সরকারী স্কুলগুলোতে শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধি করার জন্য অভিভাবকদের উদ্বুদ্ধ করার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	(খ) এসএমসি(সকল)/ উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর
		চেয়ারম্যান, ৩ নং তেঘরিয়া ইউপি বলেন, তার ইউনিয়নের বিদ্যালয় সমূহের ক্ষেত্রেও একই অবস্থা। বিশেষ করে মজলিশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়েও উপস্থিতির হার নগণ্য, এ অবস্থা চলতে থাকলে শিক্ষার মান অনেক কমে যাবে।	(গ) বিভিন্ন এনজিও স্কুলসমূহ সরকারী অনুমোদন আছে কিনা; এবিষয়ে তথ্য সংগ্রহপূর্বক পরবর্তী সভায় অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(গ) উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর

		সভাপতি প্রাথমিক শিক্ষা খাতে উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ বাবদ যে অর্থ বরাদ্দ পাওয়া যায় তা যেন যথাযথভাবে ব্যয় করার উপর গুরুত্বারোপ করেন। তিনি আরও বলেন,ইউপি চেয়ারম্যানগণ শিক্ষার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। তাই উপজেলা শিক্ষা কমিটিতে তাদের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য তিনি প্রস্তাব করেন।	(ঘ) বরাদ্দ প্রাপ্ত অর্থ যথাযথ ভাবে ব্যয় করার উপর নজর রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। (ঙ) ইউপি চেয়ারম্যানগণকে উপজেলা শিক্ষা কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ঘ) উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর (ঙ) উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর
০৬	জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ	জনাব মোঃ সজীব মিয়া,উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর বলেন, পূর্ববর্তী উপ-সহকারী প্রকৌশলী বদলি হওয়ায় তাকে এ উপজেলার অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। তিনি নতুন দায়িত্ব গ্রহণ করেছেন। দায়িত্ব পালনে সকলের সহযোগিতা কামনা করেন। সভাপতি কাজ কর্ম দ্রুত বুঝে নিয়ে অসমাপ্ত কাজগুলো দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য দায়িত্ব প্রাপ্ত উপ-সহকারী প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করেন।	যে সকল কাজ এখনও সম্পন্ন করা হয়নি, সে সকল স্থান পরিদর্শন করতঃ দ্রুত কাজ সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর
০৭	সমাজসেবা বিভাগ	(ক) উপজেলা সমাজসেবা অফিসার,হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের কাজ কর্ম স্বাভাবিকভাবে চলছে। (খ) উপজেলা নির্বাহী অফিসার বলেন, এ উপজেলায় বীর মুক্তিযোদ্ধাদের বীর নিবাস তৈরীর জন্য ১২টি ঘর নির্মাণের বরাদ্দ এসেছে। এর মধ্যে ৭টি গৃহের কাজ শুরু করা হয়েছে। উক্ত প্রকল্পসহ ইউনিয়নাধীন সকল উন্নয়নমূলক কাজের গুণগত মান বজায় রাখার স্বার্থে নজরদারী করার জন্য ইউপি চেয়ারম্যানসহ সকলকে অনুরোধ জানান।	(ক) যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। (খ) সরকারি নীতিমালা অনুযায়ী ঘর নির্মাণের কাজ হচ্ছে কিনা এবং ইউনিয়নাধীন সকল উন্নয়ন মূলক কাজের গুণগত মান বজায় রাখার স্বার্থে নজর রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) উপজেলা সমাজসেবা অফিসার,হবিগঞ্জ সদর (খ) চেয়ারম্যান,উপজেলা পরিষদ/সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল)/ইউপি চেয়ারম্যান (সকল),হবিগঞ্জ সদর
০৮	পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	যথাযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, হবিগঞ্জ সদর
০৯	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার, হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের কাজ কর্ম স্বাভাবিকভাবে চলছে।	যথাযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় অফিসার, হবিগঞ্জ সদর
১০	মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, হবিগঞ্জ সদর বলেন, তেঘরিয়া ইউনিয়নে ১টি অভয়াশ্রম তৈরীর জন্য ১টি আবেদন পত্র পাওয়া গিয়েছে।	এ ব্যাপারে বিধি মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১১	যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	যথাযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১২	পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১৩	পল্লী সঞ্চয় ব্যাংক	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর
১৪	স্বাস্থ্য ও প: প: বিভাগ	মেডিকেল অফিসার,উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিস, হবিগঞ্জ সদর বলেন, কোভিড-১৯ এর টিকাদান কার্যক্রম অব্যাহত আছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিসার,হবিগঞ্জ সদর
১৫	মহিলা বিষয়ক	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(অ:দা:), হবিগঞ্জ সদর সভায় অনুপস্থিত থাকায় আলোচনা	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(অ:দা:),হবিগঞ্জ

		করা সম্ভব হয়নি।	হলো।	সদর
১৬	প্রাণিসম্পদ বিভাগ	প্রতিনিধি, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১৭	বিএডিসি (সেচ) বিভাগ	উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ),হবিগঞ্জ সদর
১৮	ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১৯	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,হবিগঞ্জ সদর বলেন, খাদ্য বান্ধব কর্মসূচি চলমান আছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর
২০	বিবিধ	(ক) জনাব মো: তাজ উদ্দিন, চেয়ারম্যান, ৯ নং নিজামপুর ইউপি, হবিগঞ্জ সদর বলেন, তাঁর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। (খ) চেয়ারম্যান, ৩ নং তেঘরিয়া ইউপি বলেন, তার ইউনিয়ন ভাটি অঞ্চল ও অবহেলিত। এতই অবহেলিত যে এখন পর্যন্ত দৃশ্যমান কোন উন্নয়ন বা রাস্তা নেই। তাই তার ইউনিয়নের উন্নয়নে সুনজর দেয়ার আহবান জানান। (গ) জনাব ফেরদৌস আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, সকল দপ্তরের কাজ সুষ্ঠু সমন্বয়পূর্বক পরিষদের সুনাম বৃদ্ধি করা প্রয়োজন। (ঘ) উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর বলেন, মার্চ মাস মহান স্বাধীনতার মাস। স্বাধীনতার মাসে স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে শ্রদ্ধা প্রদর্শন ও স্বাধীনতা অর্জনে সকল শহিদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনপূর্বক তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক হবিগঞ্জ সদর উপজেলা পরিষদ হতে ০২ (দুই) জন গৃহহীনকে আশ্রয়ণ-২ প্রকল্পের প্রাক্কলন মোতাবেক গৃহ নির্মাণ করে দেয়ার জন্য বিগত ১৭.০৬.২০২১ খ্রি: তারিখের সভায় সিদ্ধান্ত নেয়া হয়। উক্ত প্রকল্পটি দ্রুত বাস্তবায়ন করার উপর তিনি গুরুত্বারোপ করেন। তিনি আরও বলেন, মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের জন্য আশ্রয়ন-২ প্রকল্পের অধীন ৩য় পর্যায়ে গৃহ নির্মাণের লক্ষ্যে বরাদ্দকৃত অর্থে ৬ নং রাজিউড়া ইউনিয়নের রতনপুর গ্রামে ২৯টি এবং গোপায়া ইউনিয়নের ভাদৈ গ্রামে ০৬টি গৃহ নির্মাণের কাজ প্রক্রিয়াধীন আছে। উক্ত প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। ইউনিয়নাধীন চলমান উন্নয়নমূলক প্রকল্পের কাজ সঠিকভাবে হচ্ছে কিনা; সেদিকে নজর রাখার জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।	(ঘ) মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক প্রকল্পটি দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। স্পেসিফিকেশন অনুযায়ী দ্রুত সময়ের মধ্যে গৃহ নির্মাণ কাজ সম্পন্ন করার এবং এব্যাপারে সকলে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়	(ঘ) চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা প্রকৌশলী / উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,হবিগঞ্জ সদর চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, হবিগঞ্জ সদর

		(ঙ) জনাব মোতাচ্ছিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, ঐতিহাসিক ৭ই মার্চ,২০২২ জাতীয় কর্মসূচিতে কর্মকর্তাগণের উপস্থিতির হার কম ছিল এজন্য তিনি অসন্তোষ প্রকাশ করেন। ভবিষ্যতে জাতীয় দিবস উদযাপন অনুষ্ঠানে সকল কর্মকর্তার উপস্থিতি কামনা করেন। তিনি রাজস্ব তহবিলের উদ্বৃত্ত অর্থের দ্বারা বাস্তবায়নের জন্য ইউনিয়ন ভিত্তিক প্রকল্প তালিকা দ্রুত দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে পরামর্শ প্রদান করেন।	(ঙ) রাজস্ব তহবিলের উদ্বৃত্ত অর্থের দ্বারা বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প তালিকা পরবর্তী ৭(সাত) দিনের মধ্যে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ঙ) ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর
		তিনি বলেন, উপজেলা পরিষদের সরকারি জীপগাড়িটি ব্যবহার অনুপযোগী হয়ে গেছে। তাই গাড়িটি অকেজো ঘোষণা করা এবং নতুন গাড়ির ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।	উপজেলা পরিষদের সরকারি জীপগাড়িটি ব্যবহার অনুপযোগী সংক্রান্ত বিষয়ে সরেজমিনে পরীক্ষা-নিরীক্ষা করে প্রতিবেদন দেয়ার জন্য সহকারী পরিচালক,বিআরটিএ, হবিগঞ্জ কে পত্র লিখার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর
		(চ) তিনি লোকড়া ইউনিয়নের জয়নগর এলাকায় জরুরী যাতায়াতের জন্য ১টি কাঠের ব্রীজ নির্মাণ ও মাটি ভরাট কাজের জন্য সরেজমিনে পরিদর্শনপূর্বক উপজেলা প্রকৌশলীর প্রাক্কলনসহ উপস্থাপন করেন এবং এ বিষয়ে জরুরী মেরামত করার জন্য রাজস্ব তহবিলের জরুরী দুর্যোগ ব্যবস্থাপনা খাত হতে ১,৮২,০৪৯/- টাকার প্রাক্কলনসহ প্রস্তাব করেন। উক্ত কাজের জন্য তিনি নিম্ন বর্ণিত সদস্য সমন্বয়ে একটি কমিটির প্রস্তাব করেন। প্রাক্কলনসহ উক্ত কমিটির বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং রাজস্ব তহবিল হতে তা পরিশোধ করার বিষয়ে সবাই একমত পোষণ করেন।		
		তিনি উপজেলা পরিষদের মার্চ, ২০২২ মাসের মাসিক সভার আপ্যায়ন বিল=৩০,০০০/- টাকা; ৭ মার্চ, ২০২২ জাতীয় দিবস উদযাপন উপলক্ষে ব্যয় বাবদ=৩০,২৪০/- টাকা; উপজেলা পরিষদের চেয়ারম্যান এর গাড়ি মেরামত বিল= ১৬,০০০/- টাকা; উপজেলা পরিষদের চেয়ারম্যান এর গাড়ির ফেব্রুয়ারি, ২০২২ মাসের গ্যাস ও জ্বালানী বিল =১২,৪৮১/- টাকা; উপজেলা পরিষদের চেয়ারম্যান এর গাড়ির জানুয়ারি ও ফেব্রুয়ারি,২০২২ মাসের পেট্রোল ও লুব্রিকেন্ট বিল=৮,৪৩৬/- টাকা এবং ১৪২৯ বাংলা সনে হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি (বিজ্ঞপ্তি নং-০১/১৪২৯) বিল=৩০,১৭৬/-টাকা ব্যয় করার জন্য প্রস্তাব করেন।		

২১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর এর অনুচ্ছেদ ২০(চ) এর প্রস্তাবানুযায়ী উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নে বর্ণিত ব্যয় অনুমোদনের জন্য গৃহীত হয়।

ক্র: নং	প্রস্তাবিত প্রকল্প/ব্যয়ের বিবরণ ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	লোকড়া ইউনিয়নের জয়নগর এলাকায় জরুরী যাতায়াতের জন্য ১টি কাঠের ব্রীজ নির্মাণ ও মাটি ভরাট প্রকল্প সভায় অনুমোদিত হয়। নিম্নেবর্ণিত প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। **প্রকল্প কমিটি :** ১। মোছা: রোকেয়া আক্তার,১,২,৩ নং সংরক্ষিত আসনের সদস্য,লোকড়া ইউপি.... সভাপতি ২। জনাব মো: এমদাদুল হক,উপসহ: প্রকৌশলী,এলজিইডি,হবিগঞ্জ সদর .... সদস্য-সচিব ৩। জনাব মোহাম্মদ জাহান,উপ: প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,হবিগঞ্জ সদর .... সদস্য	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ প্রকল্প কমিটি, হবিগঞ্জ সদর

	৪। জনাব মোঃ হাছিনুর রহমান তালুকদার,উপঃ যুব উন্নয়ন কর্মকর্তা,হবিগঞ্জ সদর.... সদস্য ৫। জনাব কাওছার আলম,পিতা ছমেদ আলী সাং জয়নগর,হবিগঞ্জ সদর............. সদস্য ৬। জনাব সদানন্দ দাস পিতা বিশ্বজিৎ দাস সাং জয়নগর,হবিগঞ্জ সদর............. সদস্য ৭। জনাব রিয়াজ উদ্দিন পিতা মনর মিয়া সাং জয়নগর,হবিগঞ্জ সদর.................. সদস্য	
০২	উপজেলা পরিষদের মার্চ, ২০২২ মাসের মাসিক সভার আপ্যায়ন বিল বাবদ= ৩০,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৩	৭ মার্চ, ২০২২ জাতীয় দিবস উদযাপন উপলক্ষে ৩০,২৪০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৪	উপজেলা পরিষদের গাড়ি মেরামত বিল=১৬,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৫	উপজেলা পরিষদের গাড়ির ফেব্রুয়ারি,২০২২ মাসের গ্যাস ও জ্বালানী বিল =১২,৪৮১/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৬	উপজেলা পরিষদের গাড়ির জানুয়ারি ও ফেব্রুয়ারি,২০২২ মাসের পেট্রোল ও লুব্রিকেন্ট বিল=৮,৪৩৬/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৭	১৪২৯ বাংলা সনে হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি (বিজ্ঞপ্তি নং-০১/১৪২৯) বিল =৩০,১৭৬/- টাকা বিল ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১০-৩-২২

মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হবিগঞ্জ সদর
তারিখ : ১০ মার্চ ২০২২

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১২.২০২২- ১৭৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৫। জেলা প্রশাসক, হবিগঞ্জ
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৮। চেয়ারম্যান ....ইউপি(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৯। ....সদস্য(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

১০.০৩.২০২২

বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর